

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৪৯০০.০০০.১৪.০৭৪.১৫.২৬৬৫

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৩
২১ জুন ২০১৬


বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: কুড়িগ্রাম জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪৭.৪৯০০.০০২.১৪.০০১.১৫.৩৫৯, তারিখ: ৮/৫/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব তহবিলের আওতায় ২৭,০০,০০০/- (সাতাশ লক্ষ) টাকায় গৃহীত ১৪টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৩) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ কুড়িগ্রাম এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথাটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জেলা পরিষদ কার্যালয়
কুড়িগ্রাম।
www.zpkurigram.gov.bd

কুড়িগ্রাম জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির ১৬/০৩/২০১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ ফরিদুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
সভার স্থান : প্রশাসক মহোদয়ের অফিস কক্ষ।
তারিখ : ১৬/০৩/২০১৬ খ্রিঃ।
সময় : দুপুর ১২.০০ মিঃ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হ'ল।


আলোচ্য সূচী ০৭.০২ঃ ২০১৫-২০১৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প রাজস্ব তহবিলের আওতায় বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।


আলোচনা ০৭.০২ঃ

সদস্য সচিব, জেলা পরিষদ, কুড়িগ্রাম সভায় জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি (সাধারণ) অর্থে গৃহীত প্রকল্প অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। কিন্তু স্থানীয় সরকার বিভাগ থেকে স্মারক নং- ৪৬.০৪২.৪৯০০.০০০.১৪.০৭৩.১৫-৬৬৯, তাং-২৯/০২/১৬ খ্রিঃ মূলে ২৭.০০ লক্ষ টাকার ১৯টি প্রকল্প অনুমোদন না দিয়ে রাজস্ব তহবিলের আওতায় গ্রহণ করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়। অত্র জেলা পরিষদের রাজস্ব আয় খুবই সীমিত যা দিয়ে অন্যান্য খরচের পর প্রকল্প গ্রহণের সুযোগ কম থাকে তদানুযায়ী নির্দেশনা মোতাবেক প্রকল্পগুলি আংশিক সংশোধন করে রাজস্ব তহবিলের আওতায় সমঅর্থে নিম্নলিখিত ১৪টি প্রকল্প বাস্তবায়ন করা আবশ্যিক :

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
০১	কুড়িগ্রাম সদর, চিলমারী, রৌমারী এবং উলিপুর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী ও বাদ্য যন্ত্র সরবরাহ।	২.০০ লক্ষ
০২	জেলা পরিষদের নিজস্ব জায়গায় বৃক্ষরোপন	২.০০ লক্ষ
০৩	ফুলবাড়ী উপজেলার দাশিয়ারছড়ার (সাবেক ছিটমহল) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার সামগ্রী সরবরাহকরণ	২.০০ লক্ষ
০৪	ফুলবাড়ী উপজেলার দাশিয়ারছড়ার (সাবেক ছিটমহল) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলার সামগ্রী ও বাদ্য যন্ত্র সরবরাহ।	১.০০ লক্ষ
০৫	চিলমারী উপজেলায় জেলা পরিষদ ডাকবাংলোর বাড়িসারী ওয়াল সংস্কার	২.০০ লক্ষ
০৬	তুরঙ্গামারী, নাগেশ্বরী, কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় মুক্তিযোদ্ধাদের পোষ্যদের শিক্ষা ভাতা প্রদান	২.০০ লক্ষ
০৭	চিলমারী, রাজিবপুর, রাজারহাট এবং রৌমারী উপজেলায় মুক্তিযোদ্ধাদের পোষ্যদের শিক্ষা ভাতা প্রদান	২.০০ লক্ষ
০৮	ফুলবাড়ী উপজেলার দাশিয়ারছড়ার (সাবেক ছিটমহল) এলাকায় বেকার যুবক ও যুব মহিলাদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান	২.০০ লক্ষ
০৯	কুড়িগ্রাম জেলার বেকার যুবক ও যুব মহিলাদের ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান	২.০০ লক্ষ
১০	জেলা পরিষদ ক্যাম্পাসের অভ্যন্তরে নিজস্ব বিদ্যুৎ লাইন নির্মাণ	২.০০ লক্ষ
১১	জেলা পরিষদের ৩য় ও ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টার জরুরী সংস্কার করণ	২.০০ লক্ষ
১২	জেলা পরিষদ অফিসের সামনে গ্রীল নির্মাণ	২.০০ লক্ষ
১৩	সদর ডাকবাংলো সম্মুখস্থ ড্রেন নির্মাণ	২.০০ লক্ষ
১৪	চিলমারী উপজেলায় জেলা পরিষদ ডাকবাংলোয় আসবাবপত্র সরবরাহ	২.০০ লক্ষ
	মোট=	২৭.০০ লক্ষ

উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করেন।




জব্বারুদ্দীন নাসরতীন
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
নগরস্বাস্থ্য ও বাস্তবায়ন কর্মকর্তা